# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 26 June, 2025

বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান খুব শিগগিরই দেশে ফিরছেন।তার আগমনের প্রস্তুতি শুধু দলের মধ্যে নয়, জাতীয় পর্যায়েও নেওয়া হচ্ছে।আজ বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, 'তারেক রহমানের দেশে ফেরায় কোনো বাধা নেই।তবে তার আগমনের জন্য প্রস্তুতি দরকার।আমরা সেই প্রস্তুতি নিচ্ছি।তিনি খুব শিগগিরই ফিরছেন।তাকে বরণ করে নিতে আমরা শুধু দলের পক্ষ থেকেই নয়, জাতীয়ভাবে প্রস্তুতি নিচ্ছি।এজন্য সবার সহযোগিতা প্রয়োজন। এক প্রশ্নের জবাবে এ্যানি বলেন, 'আইনগত কোনো সমস্যা নেই।আমরা সব ধরনের প্রস্তুতি নিচ্ছি।

জাতীয় নির্বাচনের প্রয়োজনীয়তা তুলে ধরে বিএনপির এই নেতা বলেন, 'প্রায় এক বছর হয়ে গেল, দেশে অস্থিরতা বাড়ছে।বিদেশি বিনিয়োগ নেই, রেমিট্যান্স প্রবাহ কমছে, নিত্যপণ্যের দাম বাড়ছে।

'এসব আমরা বাস্তবে খুব স্পষ্টভাবে দেখছি–সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে।ব্যবসায়ীরা বিনিয়োগে আগ্রহ দেখাচ্ছে না।একটি নির্বাচিত সরকার ছাড়া বিদেশিরা বিনিয়োগে আগ্রহ দেখাচ্ছে না।আইনশৃঙ্খলার অবস্থাও অবনতি হচ্ছে। তিনি বলেন, এই সমস্যা মোকাবিলায় কার্যকর ভূমিকা রাখতে পারে শুধুমাত্র একটি নির্বাচিত সরকার।

বিএনপি ক্ষমতায় গেলে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) পুনরুজ্জীবিত করে প্রতিবেশী দেশের সঙ্গে সম্পর্ক উন্নয়নের উদ্যোগ নেওয়া হবে বলেও জানান এ্যানি।তিনি আরও বলেন, বিএনপি ক্ষমতায় এলে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হবে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:10

URL: https://www.timestodaybd.com/politics/3777775807